যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 15 2002

# ঢাবি প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ শুরু ১৭ ডিসেম্বর

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

আগামী ১৭ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০২-২০০৩ সেশনের প্রথম বর্ষের (সম্মান) ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ শুরু হবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৪ জানুয়ারি থেকে। গতকাল ডিনস কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে। গতবারের মতো এবারও ৪টি ইউনিটের মাধ্যমে ৪৪টি বিভাগ ও ৩টি ইন্সটিটিউটে সর্বমোট ৪ হাজার ৩৪৮ জন ছাত্রছাত্রী ভর্তির জন্য ক্যাম্পাসের ৩টি বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে আবেদনপত্র বিক্রি করা হবে। টিএসসির জনতা ব্যাংক থেকে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের খ ইউনিট এবং বিভাগ পরিবর্তনকারী ঘ ইউনিটের ফরম, বাণিজ্য অনুষদের গ ইউনিটের ফরম প্রশাসনিক ভবনের সোনালী ব্যাংক এবং বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ক ইউনিটের ফরম কার্জন হলের অগ্রণী ব্যাংকে পাওয়া যাবে। প্রতিটি ফরমের মূল্য ধরা হয়েছে ২৫০ টাকা। আগামী ৯ জানুয়ারি পর্যন্ত ফরম বিক্রি করা হবে। সূত্র জানায়, এবারের এইচএসসি পরীক্ষায় ফল বিপর্যয়ের কারণে বিভিন্ন ইউনিটে আবেদনের ন্যূনতম যোগ্যতার নম্বর কমানোর কথা শোনা গেলেও শেষ পর্যন্ত এ ব্যাপারে আগের সিদ্ধান্তই বহাল রাখা হয়েছে। তবে আগামী ২৩ নভেম্বর ভর্তি পরীক্ষা কমিটির নির্ধারিত বৈঠকে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

সিদ্ধান্ত অনুযায়ী ২৪ জানুয়ারি গ ইউনিট, ৩১ জানুয়ারি খ ইউনিট, ৭ ফেব্রুয়ারি ক ইউনিট এবং ১৪ ফেব্রুয়ারি ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

## উপাচার্যের অস্ত্র জমা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ তার লাইসেন্স করা অস্ত্র ও গুলি গতকাল ধানমন্ডি থানায় জমা দিয়েছেন। জানা গেছে, দুপুরে উপাচার্য ধানমন্ডি থানায় হাজির হয়ে পয়েন্ট ১২ বোরের বন্দুক ও ৮৭ রাউন্ড গুলি জমা দেন। একই সঙ্গে জহুরুল হক হলের প্রভোস্ট অধ্যাপক আমিনুর রহমান মজুমদারও তার পয়েন্ট ২৫ বোরের বন্দুক ও একটি রিভলবার জমা দেন।